২৯৮২

ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ওয়েবসাইট: www.betar.gov.bd

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩১.১১৩.২৩- ২৮৪০ তারিখ: ৬০/০৫/২০২৩

**বিষয়: ত্রৈমাসিক অনুষ্ঠান পরিকল্পনা ও কথিকাপঞ্জি এবং বার্ষিকী উৎসবাদি উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠান পরিকল্পনা অনুমোদন প্রসঙ্গে।**

**ত্রৈমাসিক অনুষ্ঠান পরিকল্পনা ও কথিকাপঞ্জি এবং বার্ষিকী উৎসবাদি উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠান পরিকল্পনা-২০২৩**

বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্র ও ইউনিটসমূহ থেকে প্রেরিত আগামী ১লা শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ থেকে ৩১শে আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/২৭ জিলহজ ১৪৪৪ হিজরি থেকে ৩০ রবিউল আউয়াল ১৪৪৫ হিজরি (১৬ই জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ থেকে ১৬ই অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত) প্রান্তিকের ত্রৈমাসিক অনুষ্ঠান পরিকল্পনা ও কথিকাপঞ্জি এবং বার্ষিকী উৎসবাদি উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠান পরিকল্পনা নিম্নরূপ পরিবর্তন/সংযোজন সাপেক্ষে অনুমোদন দেয়া হলো :

১। কথিকা ও বার্ষিকী তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য সকল আঞ্চলিক কেন্দ্রকে স্থানীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবসের তালিকা প্রেরণের অনুরোধ করা হলো।

২। প্রতিটি কেন্দ্র/ইউনিটের গ্রীষ্মকালীন/শীতকালীন নির্দিষ্ট অনুষ্ঠানসূচি অনুযায়ী প্রচারিত সকল অনুষ্ঠানের বিবরণী ত্রৈমাসিকে অন্তর্ভুক্ত করতে হবে।

৩। প্রতিটি আঞ্চলিক কেন্দ্র ত্রৈমাসিক অনুষ্ঠান পরিকল্পনা (কথিকাপঞ্জী, বার্ষিকী ও উৎসবাদিসহ) নির্ধারিত সময়ের ০৩ (তিন) মাস পূর্বে আবশ্যিকভাবে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

৪। অনুষ্ঠান পরিকল্পনা প্রণয়নকালে বিষয়বস্তু নির্বাচনে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো।

৫। জাতীয়/আন্তর্জাতিক দিবস উদযাপনের তারিখ কোনো কারণে পরিবর্তন হলে পরিবর্তিত তারিখে অনুষ্ঠান প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। সকল ধর্মীয় অনুষ্ঠান সরকারি বর্ষপঞ্জি অনুযায়ী উদযাপিত হবে। তবে চাঁদ দেখার উপর নির্ভরশীল ধর্মীয় অনুষ্ঠানগুলো উদযাপনের তারিখ পরিবর্তিত হতে পারে।

৭। পাশাপাশি সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন, ২০৩০-এ এসডিজি বাস্তবায়ন, ২০৪১-এ স্মার্ট বাংলাদেশ, করোনা ভাইরাস প্রতিরোধ ও প্রতিকার বিষয়ক সচেতনতামূলক অনুষ্ঠান প্রচার অব্যাহত রাখতে হবে।

৮। সকল কেন্দ্র/ইউনিট কথকের নাম, পদবী ও ঠিকানা যথাযথভাবে উল্লেখ করতে হবে।

৯। দিবসের নাম সকল ক্ষেত্রে লিখিতভাবে ও ঘোষণার সময় যথাযথভাবে উল্লেখ করতে হবে।

১০। **বাংলাদেশ বেতার ঢাকা:**

ক. **শিশু অধিকার দিবস** ("খ" শ্রেণী) ৪ অক্টোবর ২০২৩ তারিখের পরিবর্তে ২ অক্টোবর ২০২৩ (অক্টোবর মাসের ১ম সোমবার) তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

খ. **বিশ্ব বসতি দিবস** ("গ" শ্রেণী) ৪ অক্টোবর ২০২৩ তারিখের পরিবর্তে ২ অক্টোবর (অক্টোবর মাসের ১ম সোমবার) ২০২৩ তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

গ. **বিশ্ব হার্ট দিবস** ("গ" শ্রেণী) ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে ২৪ সেপ্টেম্বর ২০২৩ (সেপ্টেম্বর মাসের ৪র্থ রবিবার) তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

১১। **বাংলাদেশ বেতার চট্টগ্রাম:**

ক. **জাতীয় শোক দিবস** ("ক" শ্রেণী) ১৫ আগস্ট ২০২৩ এর পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে এবং অনুষ্ঠান পরিকল্পনা সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

খ. **ঈদ-ই-মিলাদুন্নবী** ("ক" শ্রেণী) ২৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে এবং পৃথকভাবে অনুষ্ঠান পরিকল্পনা সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

গ. **বিশ্ব হার্ট দিবস** ("গ" শ্রেণী) ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে ২৪ সেপ্টেম্বর ২০২৩ (সেপ্টেম্বর মাসের ৪র্থ রবিবার) তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

১২। **বাংলাদেশ বেতার রাজশাহী:**

ক. **ঈদ-ই-মিলাদুন্নবী** ("ক" শ্রেণী) ২৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে এবং পৃথকভাবে অনুষ্ঠান পরিকল্পনা সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

খ. **আন্তর্জাতিক নৌ দিবস** ("খ" শ্রেণী) ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে (নৌপরিবহন মন্ত্রণালয় ঘোষিত তারিখে) অনুষ্ঠান সম্প্রচার করতে হবে।

গ. ৬ অক্টোবর ২০২৩ **জাতীয় জন্ম নিবন্ধন** দিবস এর পরিবর্তে দিবসটির নাম **জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস** ("গ" শ্রেণী) হিসেবে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

১৩। **বাংলাদেশ বেতার খুলনা:**

**আন্তর্জাতিক নৌ দিবস** ("খ" শ্রেণী) ২৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে (নৌপরিবহন মন্ত্রণালয় ঘোষিত তারিখে) অনুষ্ঠান সম্প্রচার করতে হবে।

১৪। **বাংলাদেশ বেতার রংপুর:**

ক. **দুর্গাপুজার** অনুষ্ঠান পরিকল্পনা এই প্রান্তিকের কথিকা পঞ্জির পরিবর্তে আগামী কার্তিক-পৌষ প্রান্তিকের ত্রৈমাসিক কথিকা পঞ্জিতে অন্তর্ভুক্ত করতে হবে।

খ. **আন্তর্জাতিক নৌ দিবস** ("খ" শ্রেণী) ২৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে (নৌপরিবহন মন্ত্রণালয় ঘোষিত তারিখে) অনুষ্ঠান সম্প্রচার করতে হবে।

গ. **বিশ্ব হার্ট দিবস** ("গ" শ্রেণী) ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে ২৪ সেপ্টেম্বর ২০২৩ (সেপ্টেম্বর মাসের ৪র্থ রবিবার) তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

ঘ. ৬ অক্টোবর ২০২৩ **জাতীয় জন্ম নিবন্ধন দিবস** এর পরিবর্তে দিবসটির নাম **জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস** ("গ" শ্রেণী) হিসেবে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

১৫। **বাংলাদেশ বেতার সিলেট:**

ক. **আন্তর্জাতিক নৌ দিবস** ("খ" শ্রেণী) ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে (নৌপরিবহন মন্ত্রণালয় ঘোষিত তারিখে) অনুষ্ঠান সম্প্রচার করতে হবে।

খ. **বিশ্ব খাদ্য দিবস** ("খ" শ্রেণী) ১৬ অক্টোবর ২০২৩ অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

গ. ৬ অক্টোবর ২০২৩ **জাতীয় জন্ম নিবন্ধন দিবস** এর পরিবর্তে দিবসটির নাম **জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস** ("গ" শ্রেণী) হিসেবে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

ঘ. **আন্তর্জাতিক ওজন দিবস** এর পরিবর্তে দিবসটির নাম **আন্তর্জাতিক ওজোন সংরক্ষণ দিবস** ("গ" শ্রেণী) ১৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখে পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

১৬। **বাংলাদেশ বেতার বরিশাল:**

**ঈদ-ই-মিলাদুন্নবী** ("ক" শ্রেণী) ২৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে এবং পৃথকভাবে অনুষ্ঠান পরিকল্পনা সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

১৭। **বাংলাদেশ বেতার ঠাকুরগাঁও:**

ক. **ঈদ-ই-মিলাদুন্নবী** ("ক" শ্রেণী) ২৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে এবং পৃথকভাবে অনুষ্ঠান পরিকল্পনা সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

খ. **শিশু অধিকার দিবস** ("খ" শ্রেণী) ৩ অক্টোবর ২০২৩ তারিখের পরিবর্তে ২ অক্টোবর ২০২৩ (অক্টোবর মাসের ১ম সোমবার) তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

গ. **বিশ্ব হার্ট দিবস** ("গ" শ্রেণী) ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে ২৪ সেপ্টেম্বর ২০২৩ (সেপ্টেম্বর মাসের ৪র্থ রবিবার) তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

ঘ. **বিশ্ব বসতি দিবস** ("গ" শ্রেণী) ৩ অক্টোবর ২০২৩ তারিখের পরিবর্তে ২ অক্টোবর ২০২৩ (অক্টোবর মাসের ১ম সোমবার) তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

ঙ. ৬ অক্টোবর ২০২৩ **জাতীয় জন্ম নিবন্ধন দিবস** এর পরিবর্তে দিবসটির নাম **জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস** ("গ" শ্রেণী) হিসেবে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

১৮। **বাংলাদেশ বেতার রাঙামাটি:**

৬ অক্টোবর ২০২৩ **জাতীয় জন্ম নিবন্ধন দিবস** এর পরিবর্তে দিবসটির নাম **জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস** ("গ" শ্রেণী) হিসেবে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

১৯। **বাংলাদেশ বেতার বান্দরবান:**

ক. **আন্তর্জাতিক নৌ দিবস** ("খ" শ্রেণী) ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে (নৌপরিবহন মন্ত্রণালয় ঘোষিত তারিখে) অনুষ্ঠান সম্প্রচার করতে হবে।

খ. **বিশ্ব হার্ট দিবস** ("গ" শ্রেণী) ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে ২৪ সেপ্টেম্বর ২০২৩ (সেপ্টেম্বর মাসের ৪র্থ রবিবার) তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

গ. ৬ অক্টোবর ২০২৩ **জাতীয় জন্ম নিবন্ধন দিবস** এর পরিবর্তে দিবসটির নাম **জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস** ("গ" শ্রেণী) হিসেবে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

২০। **বাংলাদেশ বেতার গোপালগঞ্জ:**

৬ অক্টোবর ২০২৩ **জাতীয় জন্ম নিবন্ধন দিবস** এর পরিবর্তে দিবসটির নাম **জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস** ("গ" শ্রেণী) হিসেবে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

২১। **বাংলাদেশ বেতার ময়মনসিংহ:**

ক. **দুর্গাপুজার** অনুষ্ঠান পরিকল্পনা এই প্রান্তিকের কথিকা পঞ্জির পরিবর্তে আগামী কার্তিক-পৌষ প্রান্তিকের ত্রৈমাসিক কথিকা পঞ্জিতে অন্তর্ভুক্ত করতে হবে।

খ. **শিশু অধিকার দিবস** ("খ" শ্রেণী) ৩ অক্টোবর ২০২৩ তারিখের পরিবর্তে ২ অক্টোবর ২০২৩ (অক্টোবর মাসের ১ম সোমবার) তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

গ. **বিশ্ব বসতি দিবস** ("গ" শ্রেণী) ২ অক্টোবর ২০২৩ (অক্টোবর মাসের ১ম সোমবার) তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

ঘ. ৬ অক্টোবর ২০২৩ **জাতীয় জন্ম নিবন্ধন দিবস** এর পরিবর্তে দিবসটির নাম **জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস** ("গ" শ্রেণী) হিসেবে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

ঙ. **বিশ্ব ডাক দিবস** ("গ" শ্রেণী) ৯ অক্টোবর ২০২৩ অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

২২। **বহির্বিশ্ব কার্যক্রম:**

**বিশ্ব বসতি দিবস** (“গ” শ্রেণী) ৮ অক্টোবর ২০২৩ এর পরিবর্তে ২ অক্টোবর ২০২৩ (অক্টোবর মাসের ১ম সোমবার) তারিখে অনুষ্ঠান পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে।

২৩। মন্ত্রিপরিষদ বিভাগ অনুমোদিত বার্ষিকী তালিকার বহির্ভূত দিবসসমূহ আলাদা অনুচ্ছেদে উল্লেখ করার জন্য নির্দেশনা দেয়া হলো।

এছাড়াও বাংলাদেশ বেতারের অন্যান্য আঞ্চলিক কেন্দ্র এবং ইউনিটসমূহের অনুষ্ঠান পরিকল্পনা যথাযথ বিধায় অনুমোদন দেয়া হলো।

মো: ছালাহ্ উদ্দিন
উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)
ফোন নং: ০২-৪৪৮১৩১৮১
Email: betarddgprogram@gmail.com

**বিতরণ ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।**

১। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (সংশিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ধামরাই/কবিরপুর, ঢাকা।
৩। পরিচালক, অনুষ্ঠান/সদর দপ্তর/শিক্ষা/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/বাণিজ্যিক কার্যক্রম/বহির্বিশ্ব কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/জনসংখ্যা স্বাস্থ্য ও পুষ্টি সেল/লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ/বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।
৪। পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা/চট্টগ্রাম।
৫। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩১.১১৩.২৩-২৬৪০ তারিখ: ৩০/০৫/২০২৩

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।**

১। সকল উপ-পরিচালকবৃন্দ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৩। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৪। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/২/বার্তা), মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/২) মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৫। নথি।
৬। গার্ড ফাইল।

এস এম আবুল হোসেন
পরিচালক (অনুষ্ঠান)
ফোন নং: ০২-৪৪৮১৩০৭৪
Email: dp.program.betar@gmail.com